

## স্থানীয় সেক্রেটারীদের প্রতি নির্দেশনাঃ

শতবার্ষিকী টার্গেট বাস্তবায়ন করার লক্ষ্যে যে সব কার্যক্রম বা পরিকল্পনা তবলীগ দপ্তর হাতে নিয়েছে তা নিম্নে দেওয়া হলঃ

- ১। চা চক্রের মাধ্যমে স্থানীয় ভাবে প্রতি মাসে ১টি তবলিগী সভার আয়োজন করা।
- ২। তবলিগী টীম গঠন করা।
- ৩। নিয়মিত এবং অনিয়মিত দাই ঈলাল্লাহ তালিকা গঠন করা এবং প্রত্যেক লাজনা শাখা গুলোতে দাই ঈলাল্লাহ ক্লাসের ব্যবস্থা করা।
- ৪। লিফলেট বা বই বিতরণ করা।
- ৫। সর্বধর্ম বা শান্তি বিষয়ক সম্মেলন করা।
- ৬। তবলিগী আশারা বা তবলিগী মাস পালন করা।
- ৭। সমাজের গন্যমান্য ব্যক্তি যেমনঃ শিক্ষক, ডাক্তার, এমপি, কাউন্সিলরদের সাথে যোগাযোগ করা।
- ৮। ২০২২ সালে শতবার্ষিকী উপলক্ষে সকল ধর্মের এবং সমাজের গন্যমান্য ব্যক্তিদের নিয়ে সম্মেলন করা।
- ৯। নববর্ষে এবং বিভিন্ন ঋতুতে বন্ধু বান্ধবী, আত্মীয় স্বজন, প্রতিবেশী, সহকর্মীদের শুভেচ্ছা বাণী পৌঁছানো।
- ১০। প্রতিবেশী, সহকর্মী, আত্মীয়স্বজন এবং পারিবারিক বন্ধুদের কাছে সহজে আহমদীয়াতের বাণী পৌঁছানোর উদ্দেশ্যে তবলিগী টীম করে প্রত্যেক সদস্যর বাসায় বা অন্য লাজনা সদস্যর বাসায় চা-ভোজনের ব্যবস্থা করা।
- ১১। বিয়ে বাড়িতে, যাতায়াতের সময় যানবাহনে, হোমিও প্যাথিক ঔষধালয়ে রোগীদের সাথে, হাসপাতালে রোগী দেখতে গিয়ে, পরীক্ষা চলাকালীন সময়ে বিভিন্ন স্কুল কলেজের

পরীক্ষার কেন্দ্রে গিয়ে, বিভিন্ন স্কুলের কোচিং সেন্টারে গিয়ে অ-আহমদী বোনদের কাছে আহমদীয়াতরে বাণী প্রচার করা।

১২। এমটিএ এর মাধ্যমে জুমুআর সাপ্তাহিক খুৎবা দেখানোর জন্য জেরে তবলীগ বোনদের মসজিদে এবং বাসায় দাওয়াত করা এবং সত্যের সন্ধানের অনুষ্ঠান শুনানোর ব্যবস্থা করা।